সমকাল

তারিখ ... 06 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

# ইয়ুথ অ্যাওয়ার্ড পেল ১০ তরুণ

■ সমকাল প্রতিবেদক

সম্ভাবনাময় ১০ তরুণ-তরুণীকে ইয়ুথ অ্যাওয়ার্ড-২০১৬ দিল অনলাইন পোর্টাল ক্যাম্পাস টু ক্যারিয়ার। গতকাল রোববার রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে এই ১০ জনের হাতে সম্মাননা স্মারক তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর।

তারা হলেন অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলের অধিনায়ক মেহেদী হাসান মিরাজ, ক্যারিকেচার শিল্পী অসীম চন্দ্র রায়, ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির (এমআইটি) শিক্ষার্থী বৃষ্টি শিকদার, অনলাইন পাঠশালা টেন মিনিটস্ স্কুলের উদ্যোক্তা আয়মান সাদিক, ২০১৫ সালের জাতিসংঘের ৭০তম সাধারণ অধিবেশনে বাংলাদেশের একমাত্র শিশু প্রতিনিধি মৌলভীবাজারের কুলাউড়ার মনি বেগম, উদীয়মান আলোকচিত্রী জোবায়ের হোসেন শুভ, অনলাইন শপ শৈলীর উদ্যোক্তা তাহমিনা শৈলী, মুক্তিযুদ্ধভিত্তিক গেম হিরোস অব সেভেন্টি ওয়ানের নির্মাতা বুয়েট শিক্ষার্থী মাশা মুস্তাকিম, প্রথম আলোর ফটোসাংবাদিক সাবিনা ইয়াসমিন লাবণী ও জাতিসংঘের ইয়ুথ কারেজ অ্যাওয়ার্ড ফর এডুকেশন পুরস্কারপ্রাপ্ত কেশব রায়।

অনুষ্ঠানে ইয়ুথ অ্যাওয়ার্ড-২০১৬-এর জুরি বোর্ড সদস্য অধ্যাপক রোবায়েত ফেরদৌস ও ক্যাম্পাস টু ক্যারিয়ারের নির্বাহী সম্পাদক অঞ্জলি সরকার উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন জুরি বোর্ড প্রধান ও প্রধান তথ্য কমিশনার অধ্যাপক এম গোলাম রহমান।